মেহেরপুরে বি এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ

মেহেরপুর বি এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোগে স্কুলের শিক্ষার্থীদের মাঝে নতুন বই উৎসবের আয়োজন করা হয়।

বুধবার সকালে স্কুলের বি এম সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুরায়া পারভীনসহ বি এম সরকারি বিদ্যালয়ের সভাপতি আব্দুল হালিম বই উৎসবের উদ্বোধন ঘোষণা করেন।

এসময় অন্যদের মধ্যে বি এম সরকারি বিদ্যালয়ের সকল শিক্ষক শিক্ষিকা সেখানে উপস্থিত ছিলেন।

নতুন বছরের প্রথম দিনেই সারা দেশে বই উৎসব শুরু হয়েছে। বছরের প্রথম দিনেই নতুন বই পেয়ে উল্লাসিত সারাদেশের বিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীরা।

প্রায় সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসায় বুধবার শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হচ্ছে বিনামূল্যের নতুন পাঠ্যবই। এজন্য দেশের প্রতিটি বিদ্যালয়ে লেগেছে উৎসবের ছোঁয়া। খালি হাতে বিদ্যালয়ে যাওয়া শিক্ষার্থীরা বাড়ি ফিরেছে নতুন বই নিয়ে, হাসিমুখে।

বছরের শুরুর দিনে প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের হাতে বিনা মূল্যের পাঠ্যবই তুলে দেওয়ার এই কর্মসূচির নাম দেওয়া হয়েছে বই উৎসব দিবস।

গতকাল গণভবনে কয়েকজন শিক্ষার্থীর হাতে বই তুলে দিয়ে এই কর্মসূচির উদ্বোধন করেছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তবে মূল উৎসব হচ্ছে আজ।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে মেহেরপুর জেলা পর্যায়ে প্রাথমিক পর্যায়ে এ উৎসবের উদ্বোধন করা হয়েছে ।

পরে শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়ে প্রাথমিক পর্যায়ের জেলা পর্যায়ে উৎসবের উদ্বোধন ঘোষণা করা হয়।

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বই উৎসব

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বই উৎসব পালন করা হয়েছে।

বুধবার সকালে প্রায় তিনশ মেয়েকে বিনা মূল্যে ২০২০ সালের নতুন বই তাদের হাতে তুলে দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান।

উৎসবমূখর পরিবেশে বাচ্চারা নতুন বই পেয়ে আনন্দঘন মূহুর্তের সৃষ্টি হয়। এসময় উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির সদস্য আবু হানিফ পল্টু, মশিউর রহমান,

সহকারী শিক্ষক আব্দুল আলিম, ফারুক হোসেন, মমতাজ পারভীন, শরিফুদ্দিন, আফরোজা সুলতানা, মোস্তাক আহমেদ, মতুর্জা ফারুক রুপক, জিয়াউর রহমান, রিপন আলী প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি